



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬  
www.nimc.gov.bd



নম্বর : ১৫.৫৫.০০০০.৩০৫.২৫.০০৭.১৮.১০৯

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ  
১৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: **New Media & Traditional Media** পাঠ্যধারার বিজ্ঞাপন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ২১ অক্টোবর থেকে ১৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ পর্যন্ত ০৪ (চার) সপ্তাহ সপ্তাহব্যাপী New Media & Traditional Media পাঠ্যধারা আয়োজন করতে যাচ্ছে।

New Media & Traditional Media পাঠ্যধারা অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীদের স্নাতক পাশ হতে হবে।

ভর্তি প্রক্রিয়া: সরাসরি অথবা অনলাইনে আবেদন করা যাবে। আবেদনকারী নিম্নোক্ত যে কোন পদ্ধতি অনুরসণ করতে পারবে:

অনলাইনে আবেদন প্রক্রিয়া: প্রথমে [www.nimc.gov.bd](http://www.nimc.gov.bd) ওয়েবসাইটের মূল পাতায় ভর্তি সংক্রান্ত তথ্য অপশনের অধীন অনলাইনে আবেদন ক্লিক করে আবেদনপত্র পূরণ করতে হবে। অনলাইনে আবেদনকারীগণ ২০০/- (দুইশত) টাকা সাক্ষাৎকারের আগে ইনস্টিটিউটের হিসাব শাখায় জমা প্রদান করে সাক্ষাৎকারে অংশগ্রহণ করবে।

সরাসরি আবেদন প্রক্রিয়া: অফিস চলাকালীন (সরকারি ছুটির দিন ব্যতিত) ২০০/- (দুইশত) টাকা ফি দিয়ে আবেদনপত্র সংগ্রহ করে তা পূরণপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি ও ০১ কপি সত্যায়িত রঙিন ছবিসহ নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ০৯ অক্টোবর ২০১৮। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে এবং সাক্ষাৎকারের জন্য মনোনীত প্রার্থীদের আগামী ১০ অক্টোবর ২০১৮ পূর্বাহ্নে ১১.০০ ঘটিকায় এ ইনস্টিটিউটে রিপোর্ট করতে হবে। এজন্য কোন প্রকার টিএ ডিএ দেয়া হবে না।

সাক্ষাৎকারে নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৪,০০০.০০ (চার হাজার) টাকা মাত্র “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। প্রার্থী নির্বাচনের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(মোহা. আব্দুস সালাম)

প্রোগ্রামার (চ. দা.) ও

পাঠ্যধারা পরিচালক

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা